

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৬৫

১/ বিবিধ

আরবী

من اتخذ مغفراً ليجاهد به في سبيل الله غفر الله له، ومن اتخذ بيضة بيض الله وجهه يوم القيامة، ومن اتخذ درعا كانت له سترا من النار يوم القيامة  
منكراً جداً

أخرجه الخطيب (7 / 128) من طريق بشران بن عبد الملك البغدادي: حدثنا أبو عبد الرحمن دهثم بن جناح: حدثنا عبيد الله بن ضرار عن أبيه عن الحسن البصري قال: قال رسول الله صلى الله عليه وسلم فذكره، وقال: "منكر جداً مع إرساله، والحمل فيه على من بين بشران والحسن، فإنهم ملطيون، وقد حدثني محمد بن علي الصوري قال: سمعت عبد الغني بن سعيد المصري الحافظ يقول: ليس في الملطيين ثقة". وأقره الحافظ في ترجمة دهثم من اللسان". وعبيد الله بن ضرار قال الذهبي: "لا يحتج به ولا كرامة". وأبوه ضرار وهو ابن عمرو الملطي، قال الذهبي في "المغني": "متروك الحديث

বাংলা

৫৬৫। যে ব্যক্তি লোহর টুপি পরে আল্লাহর পথে জিহাদ করবে আল্লাহ তাকে ক্ষমা করে দিবেন। যে ব্যক্তি (জিহাদের উদ্দেশ্যে) টুপি পরিধান করবে আল্লাহ তার মুখমণ্ডলকে উজ্জ্বল করে দিবেন। যে ব্যক্তি যুদ্ধের পোষাক পরিধান করবে তা তার জন্য কিয়ামতের দিন জাহান্নাম হতে ঢাল স্বরূপ হয়ে যাবে।

হাদীছটি নিতান্তই মুনকার।

এটিকে আল খাতীব "তারীখু বাগদাদ" (৭/১২৮) গ্রন্থে বিশরান ইবনু আব্দিল মালেক বাগদাদী সূত্রে ... হাসান বাসরী হতে বর্ণনা করেছেন।

আল-খাতীব বলেনঃ মুরসাল হওয়া সত্ত্বেও হাদীছটি নিতান্তই মুনকার। বিশরান এবং হাসানের মধ্যবর্তী সকল বর্ণনাকারী মালতী সম্প্রদায়ভুক্ত। হাফিয় আব্দুল গনী ইবনু সাঈদ আল-মিসরী বলেনঃ তারা কেউ নির্ভরযোগ্য নন। হাফিয় ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে বর্ণনাকারী দাহশামের জীবনী বর্ণনা করতে গিয়ে তার বক্তব্যকে সমর্থন করেছেন।

অপর বর্ণনাকারী ওবাইদুল্লাহ ইবনু যিরার সম্পর্কে হাফিয় যাহাবী বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। আর তার পিতা যিরার হচ্ছে ইবনু আমর আল-মালতী, তার সম্পর্কে যাহাবী "আল-মুগনী" গ্রন্থে বলেনঃ তিনি মাতরুকুল হাদীছ।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71444>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন